# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়- ১/সাধারণ/৩৩৩৬ তারিখ : ০২/০৮/২০১৬

বিষয় : **সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-অনুশাসন প্রসঙ্গে।**

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের ২১/০৭/২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬-৩৬৪।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৭/২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী আন্দোলন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত নিম্নেবর্ণিত নির্দেশনা-অনুশাসন প্রদান করেছেন।

**"বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন অনুপস্থিত/নিখোঁজ শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।"**

উপরোক্ত নির্দেশনা-অনুশাসনের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৭/২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭ অনুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

02.08.16

**এ.টি.এম. মইনুল হোসেন**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।

02/08/16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১১ (মাধ্যমিক-১)

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭ তারিখ : ২৬ আষাঢ়, ১৪২৩ / ১০ জুলাই, ২০১৬

বিষয় : যুক্তিসঙ্গত কারণ ছাড়া দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষার্থীদের সনাক্তকরণ।

গত ০১ জুলাই ২০১৬ তারিখে গুলশানের হলি আর্টিসান রেস্টুরেন্টে এক সন্ত্রাসী হামলায় ২০জন নিরীহ দেশি-বিদেশি মানুষ প্রাণ হারান। এর পরই গত ০৭ জুলাই পবিত্র ঈদ-উল-ফিত্র এর দিন শোলাকিয়া ঈদগাহ মাঠের সন্নিকটে সন্ত্রাসীরা হামলা চালায়। এ হামলায় পুলিশ বাহিনীর দু'জন সদস্যসহ একজন মহিলা প্রাণ হারান এবং অনেক নিরীহ মানুষ আহত হন। গুলশানের ঘটনায় লক্ষ্য করা গেছে যে, কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা হঠাৎ করে নিখোঁজ হয়ে পরবর্তীতে নাশকতামূলক কর্মকান্ডে লিপ্ত হচ্ছে। অনুরূপভাবে আরো কিছু শিক্ষার্থী নিখোঁজ থাকতে পারে বলে সন্দেহ করা হচ্ছে। এদের নানান নাশকতামূলক কর্মকান্ডে জড়িয়ে পড়ার আশঙ্কা উড়িয়ে দেয়া যায় না। দেশের আইনশৃঙ্খলা বাহিনী এ সমস্যা সম্পর্কে সজাগ আছে এবং যে কোন নাশকতামূলক কার্যক্রম মোকাবেলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় প্রধানমন্ত্রী প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেছেন।

০২। বর্তমান প্রেক্ষাপটে কোন শিক্ষার্থী যাতে বিভ্রান্ত ও বিপথগামী না হতে পারে সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানকেও কার্যকর ভূমিকা পালন করতে হবে। উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

ক. যুক্তিসঙ্গত কারণ ছাড়া ১০(দশ) দিনের বেশি অনুপস্থিত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সনাক্ত করবে এবং তাদের অভিভাবকের সঙ্গে আলোচনার পর অনুপস্থিতির কারণ সন্দেহজনক বলে প্রতীয়মান হলে লিখিতভাবে উক্ত শিক্ষার্থীদের তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রাপ্ত তথ্য উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসককে অবহিত করবেন। মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এরূপ তথ্য জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ এরূপ তথ্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত রেখে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। তথ্য প্রাপ্তির পর জেলা প্রশাসক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ. শিক্ষা প্রতিষ্ঠান প্রত্যেক শিক্ষার্থীর অভিভাবকের ঠিকানা ও মোবাইল ফোন নম্বর সংরক্ষণ করবে এবং কোন শিক্ষার্থীর অনুপস্থিতির কারণ সন্দেহজনক প্রতীয়মান হলে অভিভাবকের সঙ্গে আলোচনা করবে।

গ. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর তাদের আওতাভুক্ত প্রতিষ্ঠানের উল্লিখিত কার্যক্রম তদারকি ও যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করবে।

০৩। এমতাবস্থায়, মাধ্যমিক ও তদুর্দ্ধ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০/৭/২০১৬
(এ.এস. মাহমুদ)
সচিবের রুটিন দায়িত্বে

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭ তারিখ : ২৬ আষাঢ়, ১৪২৩ / ১০ জুলাই, ২০১৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও ,ঢাকা।
২। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়/সিনিয়র সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)।
৭। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১০। জেলা শিক্ষা অফিসার (সকল)।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১২। অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি/মাদ্রাসা/মাধ্যমিক)/অডিট ও আইন/যুগ্মসচিব(মাধ্যমিক)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০/৭/২০১৬
(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন : ৯৫৭০৬৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬-৩৬৪

তারিখ: ০৬ শ্রাবণ, ১৪২৩
২১ জুলাই, ২০১৬

বিষয় : **গত ০৪ জুলাই, ২০১৬ তারিখ রাত ৮.০০ টায় গণভবনে অনুষ্ঠিত বিশেষ সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন।**

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৯.০১৮.১২.০০.০২.২০১৬-৪৮৮(১৫), তারিখ: ১৩ জুলাই, ২০১৬।

সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী বিষয়ে গত ০৪ জুলাই, ২০১৬ তারিখ রাত ৮.০০ টায় গণভবনে অনুষ্ঠিত বিশেষ সভায় মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত নিম্নেবর্ণিত নির্দেশনা-অনুশাসন প্রদান করেছেন:

০৫ "বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন অনুপস্থিত/নিখোঁজ শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ"।

০২. উপরোক্ত নির্দেশনা-অনুশাসনের আলোকে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১.৭.২০১৬
(মোঃ আখতারউজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৭০৯৭।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি, অডিট ও আইন, মাধ্যমিক-১ ও ২, কলেজ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), ..........................................
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।